

CLASS XII : HISTORY : Term II (Board Final) : 2022 : Marks 40

I. সঠিক উত্তরটি বাছাই করো :- 1x10

1. মোগল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা ছিলেন –
(ক) আকবর (খ) হুমায়ুন (গ) বাবর (ঘ) জাহাঙ্গির
2. 'হুমায়ুননামা' বইটি রচনা করেন –
(ক) আকবর (খ) গুলবদন বেগম (গ) হুমায়ুন (ঘ) আবুল ফজল
3. 'সূর্যাস্ত আইন' যুক্ত রয়েছে –
(ক) রায়তওয়ারি ব্যবস্থার সাথে (খ) মহলওয়ারি ব্যবস্থার সাথে
(গ) দশশালা বন্দোবস্তের সাথে (ঘ) চিরস্থায়ী বন্দোবস্তের সাথে
4. দামিন-ই-কোহ বলা হতো –
(ক) পাহাড়ীদের (খ) সাঁওতালদের
(গ) সাঁওতাল বিদ্রোহকে (ঘ) সাঁওতাল অধ্যুষিত গ্রামকে
5. অধীনতামূলক মিত্রতা নীতি প্রবর্তন করেন –
(ক) লর্ড ডালহৌসি (খ) লর্ড ওয়েলেসলি
(গ) লর্ড উইলিয়াম বেন্টিন্‌ক (ঘ) লর্ড ওয়ারেন হেস্টিংস
6. সিপাহী বিদ্রোহের সময় ইস্ট ইন্ডিয়া কোম্পানীর গভর্নর জেনারেল ছিলেন –
(ক) লর্ড রিপন (খ) লর্ড ডালহৌসি (গ) লর্ড লিটন (ঘ) লর্ড ক্যানিং
7. চৌরিচৌরা অবস্থিত –
(ক) গুজরাটে (খ) উত্তরপ্রদেশে (গ) মধ্যপ্রদেশে (ঘ) মহারাষ্ট্রে
8. গান্ধিজী ডান্ডি যাত্রা শুরু করেন ১৯৩০ এর –
(ক) ১২ই মার্চ (খ) ২২শে মার্চ (গ) ২৮শে মার্চ (ঘ) ৬ই এপ্রিল
9. খসড়া সংবিধান কমিটির সভাপতি ছিলেন –
(ক) জওহরলাল নেহরু (খ) ড: বি.আর. আম্বেদকর
(গ) ডা: রাজেন্দ্র প্রসাদ (ঘ) কৃষ্ণস্বামী আয়ার
10. ভারতের সংবিধানে ধর্মীয় স্বাধীনতার কথা লিপিবদ্ধ আছে –
(ক) ২৫-২৮ নং ধারায় (খ) ১৫-১৯ নং ধারায় (গ) ১২-১৫ নং ধারায় (ঘ) ৩০-৩৫ নং ধারায়

II. একটি পূর্ণাঙ্গ বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :- 1x20

11. 'এশিয়াটিক সোসাইটি'র প্রতিষ্ঠাতা কে ?
12. মনসবদারী প্রথা কে প্রবর্তন করেন ?
13. 'জঙ্গল বুক' এর লেখক কে ?
14. 'আলমগীর' কোন মোঘল সম্রাটের উপাধী ছিল ?
15. কে 'চিরস্থায়ী বন্দোবস্ত' প্রবর্তন করেন ?
16. ভারতের কোথায় প্রথম ব্রিটিশ উপনিবেশিক শাসন প্রতিষ্ঠিত হয়েছিল ?
17. 'সিঁধু মাঝি' কে ছিলেন ?
18. বাংলার প্রথম গভর্নর জেনারেল কে ছিলেন ?

Contd...P/2.

19. কে সতীদাহ প্রথা নিষিদ্ধ করেন ?
20. বিখ্যাত চিত্র 'রিলিফ অব লঙ্কৌ' কে অঙ্কন করেন ?
21. 'সিপাহী বিদ্রোহ' প্রথম কোথায় শুরু হয় ?
22. সিপাহী বিদ্রোহের সময় দিল্লীর মোঘল বাদশা কে ছিলেন ?
23. মহাত্মা গান্ধীর রাজনৈতিক গুরু কে ছিলেন ?
24. কত খ্রিস্টাব্দে গান্ধী-আরউইন চুক্তি স্বাক্ষরিত হয় ?
25. কংগ্রেসের কোন অধিবেশনে পূর্ণ স্বাধীনতার দাবী গৃহীত হয়েছিল ?
26. প্রথম গোলটেবিল বৈঠক কোথায় অনুষ্ঠিত হয়েছিল ?
27. ভারতের সংবিধান কবে গৃহীত হয়েছিল ?
28. গণপরিষদের সভাপতি কে ছিলেন ?
29. গান্ধিজী জাতীয় ভাষারূপে কোন ভাষাকে গ্রহণ করতে চেয়েছিলেন ?
30. কাকে ভারতের লৌহ মানব বলা হয় ?

III. নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও (প্রতিটি 20 শব্দের মধ্যে) :-

2x5

31. মোগল অভিজাত শ্রেণির যেকোন ২টি বৈশিষ্ট্য উল্লেখ করো।
32. রায়তওয়ারি ব্যবস্থা বলতে কী বোঝ ?
33. ১৮৫৭ সালের বিদ্রোহের ব্যর্থতার ২টি কারণ উল্লেখ করো।
34. চম্পারণ সত্যগ্রহের গুরুত্ব কী ছিল ?
35. ভারতের সংবিধানের প্রস্তাবনার ২টি বৈশিষ্ট্য উল্লেখ করো

=====